

স্মারক নং-১৩.০৫.৪৭০০.০০২.১৯.০০২.২৩.১৩৬৯

তারিখঃ ১২/০৭/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ নিরাপত্তা প্রহরী পদায়ন প্রসঙ্গে।


- সূত্রঃ ০১। অত্র দপ্তরের ০৪/০৭/২০২২ খ্রিঃ তারিখের ১৩৩৫ নং স্মারক।
০২। অত্র দপ্তরের ০৫/০৯/২০২২ খ্রিঃ তারিখের ১৭২৭ নং স্মারক।
০৩। অত্র দপ্তরের ২৪/০১/২০২৩ খ্রিঃ তারিখের ১৫৫ নং স্মারক।
০৪। অত্র দপ্তরের ০২/০৫/২০২৩ খ্রিঃ তারিখের ৮৫৮ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য বিভাগীয় বৃহৎ সংস্থাপনার মধ্যে খুলনা সিএসডি অন্যতম। ৫৫.৫৭ একর জমির উপর প্রতিষ্ঠিত এ বৃহৎ সংস্থাপনাটির সার্বক্ষণিক প্রহরা প্রদানের জন্য ৯৪টি নিরাপত্তা প্রহরী পদের মঞ্জুরী রয়েছে। মঞ্জুরীকৃত পদের বিপরীতে ৫৯ জন নিরাপত্তা প্রহরী কর্মরত আছে। তন্মধ্যে ৩৪ জন সংযুক্তিতে অন্যত্র স্থাপনায় কর্মরত রয়েছে। অন্যদিকে (৫৯-৩৪)= ২৫ জন নিরাপত্তা প্রহরীর মধ্যে পরিচ্ছন্নতা কর্মীর স্বল্পতার কারণে ০৩ জনকে গুদামে এবং খাদ্যশস্য প্রাপ্তি ও সরবরাহের কার্যক্রম সুসম্পন্নের লক্ষ্যে ০৯ জন (০৯ জনের মধ্যে মহিলা ০৫ জন) বিভিন্ন শাখায়, ০১ জন তল্লাশী ফাঁড়ি ও ০২ (দুই) জন ওয়েব্রীজে কর্মরত থাকায় মাত্র (২৫-১৫)=১০ জন নিরাপত্তা প্রহরী অত্র দপ্তরের নিরাপত্তা শাখায় কর্মরত আছে। ফলে এ স্বল্পসংখ্যক নিরাপত্তা প্রহরী দিয়ে এ সুবিশাল সিএসডির নিরাপত্তা ব্যবস্থা পরিচালনা করা খুবই কঠিন হয়ে পড়েছে। এছাড়া অত্র সংস্থাপনায় ৬৩টি সচল গুদামের বিপরীতে ০৮ জন গুদাম ইনচার্জ কর্মরত আছে। গুদাম ইনচার্জগণের ১০টি পয়েন্টে গুদাম খোলা ও বন্ধের জন্য ১০ জন এবং নিরাপত্তা শাখায় রোস্টার অনুযায়ী পালাক্রমে (সকাল+বিকাল+রাত্রি) ডিউটির জন্য ১০ জন অর্থাৎ (১০+১০)=২০ জন নিরাপত্তা প্রহরী খুবই প্রয়োজন।

এমতাবস্থায়, এ বৃহত্তর খুলনা সিএসডির গুদামসমূহ সুষ্ঠুভাবে পরিচালনা ও সার্বিক নিরাপত্তা ব্যবস্থার স্বার্থে অত্র দপ্তর হতে বিভিন্ন সংস্থাপনায় সংযুক্তিকৃত ৩৪ জন নিরাপত্তা প্রহরীর মধ্যে জরুরী ভিত্তিতে ২০ (বিশ) জন নিরাপত্তা প্রহরী পদায়নের ব্যবস্থা গ্রহণে মহোদয়কে সর্বিনয় অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০১ (এক) পাতা

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
খুলনা বিভাগ, খুলনা



(এইচ এম কামরুজ্জামান)
সহকারী ব্যবস্থাপক
ও
আহরণ-ব্যয়ন কর্মকর্তা
খুলনা সিএসডি, খুলনা
ফোন নং-০২৪-৭৭৭০১৮৬৭

স্মারক নং-১৩.০৫.৪৭০০.০০২.১৯.০০২.২৩.১৩৬৯/১ (৩)

তারিখঃ ১২/০৭/২০২৩ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থেঃ

০১. পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
০২. জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা
০৩. অফিস কপি


(এইচ এম কামরুজ্জামান)
সহকারী ব্যবস্থাপক
ও
আহরণ-ব্যয়ন কর্মকর্তা
খুলনা সিএসডি, খুলনা
ফোন নং-০২৪-৭৭৭০১৮৬৭
১২/৭/২৩